



বাংলাদেশ কৃষি ব্যাংক
ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন

গণমানুষের ব্যাংক
টেলিফোনঃ ০২২২৩৩৫৭০২৫
md@krishibank.org.bd

প্রকা/এএমএল-আরএমডি-৫(ব্যপঅ)/২০২৫-২৬/৮৪(১)

০৫ জানুয়ারী ২০২৬

- ০১। মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়
- ০২। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়
- ০৩। উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
- ০৪। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়
- ০৫। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়
- ০৬। শাখা ব্যবস্থাপক, সকল শাখা (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ কার্যক্রম বাস্তবায়নে অঙ্গীকার-২০২৬

প্রিয় সহকর্মীবন্দ,

মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ টেকসই আর্থিক ব্যবস্থাপনার অন্যতম পূর্বশর্ত। দেশের জিডিপি'র গুরুত্বপূর্ণ অংশ মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন কর্মকাণ্ডে ক্ষতির সম্মুখীন হচ্ছে। দেশ হারাচ্ছে রাজস্ব। বৈদেশিক মুদ্রা বঞ্চিত হচ্ছে অর্থনীতি। পাশাপাশি উল্লিখিত অনৈতিক উৎসের অর্থ এবং অর্থমূল্যের অপব্যবহার বাড়ছে। এতে বাধাগ্রস্ত হচ্ছে আর্থিক শৃঙ্খলা। ভারসাম্য হারাচ্ছে অর্থনীতি। সৃষ্টি হচ্ছে আয় বৈষম্য। সমাজে তৈরী হচ্ছে অস্থিরতা ও অপরাধ প্রবণতা। এতোসব দৃষ্টচক্র থেকে বের হয়ে আসতে আর্থিক ব্যবস্থাপনাকে পরিশুদ্ধ করার বিকল্প নেই। ব্যাংক কর্মী হিসেবে এখানে আমাদের ভূমিকা হতে হবে অগ্রণী। এক্ষেত্রে, ব্যাংকিং কার্যক্রম পরিচালনায় প্রযোজ্য কমপ্লায়েন্সসমূহ যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। পাশাপাশি গ্রাহকবান্ধব পরিবেশ নিশ্চিত করতে হবে।

ব্যাংকিং এর অন্যতম প্রধান অনুষঙ্গ ব্যাংক হিসাব পরিচালনা করা। সকল ধরনের ব্যাংক হিসাব নিয়মিত হালনাগাদ ও মনিটরিং করা Customer Due Diligence বাস্তবায়নের প্রধান শর্ত। পাশাপাশি আইনগত সংস্থাসমূহ বরাবর প্রয়োজন অনুযায়ী যথাযথ রিপোর্টিং অন্যতম গুরুত্বপূর্ণ কমপ্লায়েন্স। উল্লেখ্য, মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ২৫ ধারার উপ-ধারা (১)-তে বর্ণিত রিপোর্ট প্রদানকারী সংস্থার (ব্যাংকের) দায়-দায়িত্ব (CIF আপডেট, তথ্য সংরক্ষণ, CTR, STR রিপোর্টকরণ) লংঘন করলে উপ-ধারা (২) মোতাবেক BFIU কর্তৃক আরোপযোগ্য আর্থিক জরিমানা অনূন ৫০ হাজার টাকা ও সর্বোচ্চ ২৫ লক্ষ টাকা এবং অন্যান্য শাস্তির (সংস্থা বা সংস্থার কোন শাখা, সার্ভিস সেন্টার, বুথ বা এজেন্টের কার্যক্রমের অনুমতি বা লাইসেন্স বাতিল) বিধান রয়েছে। সে প্রেক্ষিতে, সুস্থ মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ব্যবস্থাপনা গড়ে তুলতে চলতি বছর নিম্নবর্ণিত পদক্ষেপসমূহ বাস্তবায়ন করতে হবে।

১) গ্রাহক সম্পর্কিত সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ :

- (i) গ্রাহকের মৌলিক তথ্যাদি আবশ্যিকভাবে হালনাগাদ রাখতে হবে।
- (ii) ঝুঁকি অনুযায়ী গ্রাহকের শ্রেণীকরণ নিশ্চিত করতে হবে।
- (iii) ব্যাংক হিসাব এর প্রকৃত সুবিধাভোগী (Beneficial Owner) সম্পর্কিত আইনানুগ তথ্য সংরক্ষণ করতে হবে।
- (iv) নিম্ন ঝুঁকি সম্পন্ন গ্রাহকের ক্ষেত্রে Simplified Due Diligence (SDD) প্রক্রিয়া অনুসরণ করতে হবে।
- (v) গ্রাহক সচেতনতা বৃদ্ধিকল্পে শাখায় AML-CFT পোস্টার প্রদর্শনসহ এতদ্বিষয়ে প্রচারণা চালাতে হবে।
- (vi) ভাসমান গ্রাহক (Walk-in customer) এর ক্ষেত্রে Simplified Due Diligence (SDD) সম্পর্কিত বিএফআইইউ'র সার্কুলার যথাযথভাবে অনুসরণ করতে হবে।

২) UN এবং Local Sanction List যাচাইকরণ (Screening) :

- (i) গ্রাহকের সাথে সম্পর্ক স্থাপন/লেনদেন সংঘটনের সময় UNSCR Resolutions, OFAC এবং সরকার ঘোষিত নিষিদ্ধ ব্যক্তি/সংগঠনের নামের তালিকা যাচাই করে নিতে হবে এবং সে অনুযায়ী লেনদেন মনিটরিং করতে হবে।
- (ii) প্রযোজ্য ক্ষেত্রে False Positive এর তালিকা শাখায় সংরক্ষণ করতে হবে।

বিষয় : মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ কার্যক্রম বাস্তবায়নে অঙ্গীকার-২০২৬

৩) উচ্চ ঝুঁকি ও PEPs/IPs হিসাবের তালিকা ও তথ্য সংরক্ষণ :

- (i) উচ্চ ঝুঁকিপূর্ণ গ্রাহকের হিসাব খোলার ক্ষেত্রে Enhance Due Diligence (EDD) সম্পাদন করতে হবে।
- (ii) নিম্ন ঝুঁকি সম্পন্ন গ্রাহকের ক্ষেত্রে ০৫ (পাঁচ) বছর এবং উচ্চ ঝুঁকি সম্পন্ন গ্রাহকের ক্ষেত্রে ০১ (এক) বছর অন্তর KYC হালনাগাদ করতে হবে।
- (iii) ব্যবসায়িক সম্পর্ক স্থাপনের সময়ে PEPs এর ক্ষেত্রে আবশ্যিকভাবে এবং IPs এর ক্ষেত্রে প্রয়োজনে CAMLCO এর অনুমোদন গ্রহণ করতে হবে।
- (iv) উক্ত হিসাবসমূহের তালিকা নিয়মিত হালনাগাদপূর্বক মনিটরিং করতে হবে এবং এক্ষেত্রে বিএফআইইউ সার্কুলার নং-২৬; তারিখ : ১৬-০৬-২০২০ এর নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করতে হবে।

৪) CBS ভিত্তিক CTR, BFIU বরাবর দাখিলকরণ :

- (i) দৈনিক ১০ লক্ষ বা তদূর্ধ্ব নগদ জমা বা উত্তোলনকৃত সকল হিসাবের লেনদেনের তথ্য BFIU বরাবর CTR হিসেবে দাখিল করতে হবে।
- (ii) সকল শাখার CBS ভিত্তিক CTR দাখিল নিশ্চিত করতে হবে।

৫) সন্দেহজনক লেনদেন/আচরণ মনিটরিং ও রিপোর্টিং (STR/SAR) :

- (i) Structuring প্রতিরোধে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- (ii) অস্বাভাবিক/সন্দেহজনক লেনদেন/কার্যক্রম (STR/SAR) চিহ্নিতকরণে গ্রাহকের আচরণ ও হিসাবের লেনদেন নিয়মিত পর্যবেক্ষণ করতে হবে।
- (iii) মাঠ পর্যায়ে গ্রাহকের কোন লেনদেন/আচরণ সন্দেহজনক হিসেবে পরিলক্ষিত হলে তা যথাক্রমে STR বা SAR হিসেবে AML-CFT বিভাগ বরাবর প্রতিবেদন দাখিল করতে হবে।
- (iv) AML-CFT বিভাগ কর্তৃক কোন লেনদেন/আচরণ সন্দেহজনক হিসেবে পরিলক্ষিত হলে তা যথাক্রমে STR বা SAR হিসেবে BFIU বরাবর প্রতিবেদন দাখিল করতে হবে।
- (v) STR চিহ্নিতকরণে CBS এ অন্তর্ভুক্ত STR Detection Format এর সহায়তা নিতে হবে।

৬) ঋণ ভিত্তিক মানিলন্ডারিং প্রতিরোধ :

- (i) দেশের ঋণের অর্থ অন্য খাতে স্থানান্তর ও বিদেশে পাচার প্রতিরোধে শাখার শ্রেণীকৃত ঋণ হিসাবসহ সকল ঋণ হিসাব নিয়মিত পর্যালোচনা করতে হবে। পর্যালোচনায় কোন অস্বাভাবিকতা পরিলক্ষিত হলে, সেক্ষেত্রে STR বা SAR হিসেবে প্রতিবেদন দাখিল করতে হবে।
- (ii) বিতরণকৃত ঋণের অর্থ যাতে মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে ব্যবহৃত না হয় তা শাখা কর্তৃক নিশ্চিত করতে হবে।

৭) ফরেন রেমিট্যান্স ও বাণিজ্য ভিত্তিক মানিলন্ডারিং (Trade Based Money Laundering) প্রতিরোধ :

- (i) কoresপন্ডেন্ট বা resপন্ডেন্ট ব্যাংকের ব্যবসায়ের প্রকৃতি সম্পর্কে নিশ্চিত হয়ে CAMLCO এর অনুমোদন গ্রহণপূর্বক ব্যবসায়িক সম্পর্ক স্থাপন করতে হবে।
- (ii) Shell Bank এর সাথে কিংবা কোন resপন্ডেন্ট ব্যাংক Shell Bank কে সেবা প্রদান করলে তার সাথে কোন কoresপন্ডেন্ট ব্যাংকিং সম্পর্ক স্থাপন করা যাবে না।
- (iii) সংশ্লিষ্ট পণ্য/সেবা সরবরাহকারীর ক্রেডিট রিপোর্ট যথাযথভাবে পর্যালোচনা করতে হবে।
- (iv) আমদানী-রপ্তানি কার্যক্রমে উপযুক্ত সোর্স থেকে পণ্যমূল্য যাচাই করতে হবে। এক্ষেত্রে, যাচাইকৃত ডকুমেন্টস ফাইলে যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।
- (v) বৈদেশিক বাণিজ্যের ক্ষেত্রে Vessel & Container Tracking সংক্রান্ত প্রয়োজনীয় দলিলাদি শাখা/প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।
- (vi) রপ্তানিকৃত পণ্যের পণ্যমূল্য দেশে প্রত্যাবাসন নিশ্চিত করতে হবে।
- (vii) ফরেন রেমিট্যান্স প্রদানের ক্ষেত্রে প্রেরণকারী ও বেনিফিশিয়ারির সকল তথ্য যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।
- (viii) রেমিট্যান্সের সংখ্যা/পরিমাণ ও বৈদেশিক বাণিজ্যের লেনদেন পর্যালোচনায় কোন অস্বাভাবিকতা পরিলক্ষিত হলে, সেক্ষেত্রে STR বা SAR হিসেবে প্রতিবেদন দাখিল করতে হবে।
- (ix) বৈদেশিক মুদ্রায় লেনদেন ও বিনিয়োগে কোন ধরনের অস্বাভাবিকতা পরিলক্ষিত হলে STR/SAR দাখিল করতে হবে।
- (x) ফরেন রেমিট্যান্স ও বৈদেশিক বাণিজ্যের ক্ষেত্রে AML-CFT সংক্রান্ত পরিপালনীয় বিষয়াদি বাস্তবায়নে ব্যাংক প্রণীত “Guidelines on Prevention of Trade Based Money Laundering-2021” এবং এতদসংক্রান্ত বিএফআইইউ এর অন্যান্য নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করতে হবে।

বিষয় : মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ কার্যক্রম বাস্তবায়নে অঙ্গীকার-২০২৬

৮) ICT নিরাপত্তা এবং অনলাইন ফরেন্স ড্রেডিং/বেটিং ও ক্রিপ্টোকারেন্সি লেনদেন প্রতিরোধ :

- (i) মানিলভারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধে শাখা পর্যায়ে কিংবা লেনদেন এর সাথে সম্পৃক্ত কর্মকর্তা/কর্মচারীর নামে ইস্যুকৃত ID, Password এর অপব্যবহারের বিষয়ে সতর্ক থাকতে হবে।
- (ii) অনলাইন ফরেন্স ড্রেডিং/গেমিং/বেটিং ও ক্রিপ্টোকারেন্সি লেনদেন বা ছুন্ডি ইত্যাদি অপরাধমূলক কর্মকাণ্ডের বিষয়ে আইসিটি বিভাগসহ সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকতে হবে। এক্ষেত্রে, বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ আইন ১৯৪৭, সন্ত্রাস বিরোধী আইন ২০০৯ এবং মানিলভারিং প্রতিরোধ আইন ২০১২ এর আলোকে ব্যবস্থা নিতে হবে।
- (iii) ব্যাংকের ICT বিভাগকে Cyber Security নিশ্চিতকল্পে প্রয়োজনীয় Updated ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৯) অডিট বিভাগের কার্যক্রম ও AML-CFT বিষয়ক রেটিং উন্নয়ন :

- (i) অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ কর্তৃক প্রণীত Independent Testing Procedure (ITP) রেটিং-এ শাখার AML-CFT সংক্রান্ত অগ্রগতি যথাযথভাবে প্রতিফলিত হতে হবে। বিগত বছর ITP রিপোর্ট অনুযায়ী শক্তিশালী শাখার সংখ্যা ছিল ৪৫টি। চলতি বছরে আরো বেশি শাখাকে শক্তিশালী শাখা হিসেবে গড়ে তুলতে হবে।
- (ii) নিরীক্ষা কার্যালয়সমূহ শাখা নিরীক্ষাকালে মানিলভারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ কার্যক্রম যথাযথভাবে নিরীক্ষা করবে।
- (iii) শাখা কর্তৃক প্রণীত Self Assessment প্রতিবেদনে শাখার AML-CFT বিষয়ক মূল্যায়ন বস্তুনিষ্ঠ হতে হবে।
- (iv) শাখা থেকে প্রাপ্ত প্রতিবেদন যাচাই করে কোন বাঁকিপূর্ণ বিষয় পরিলক্ষিত হলে তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট শাখা পরিদর্শনপূর্বক উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১০) আঞ্চলিক পরিবীক্ষণ কমিটির কার্যক্রম:

- (i) মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের নেতৃত্বে গঠিত AML-CFT বিষয়ক আঞ্চলিক পরিবীক্ষণ কমিটি কর্তৃক প্রতি ৩ মাস অন্তর এতদসংক্রান্ত প্রতিবেদন CCC বরাবর প্রেরণ নিশ্চিত করতে হবে।
- (ii) প্রত্যেক শাখার BAMLCO যথাযথভাবে মনোনয়ন নিশ্চিত করতে হবে।
- (iii) আলোচ্য AML-CFT বিষয়ক রোডম্যাপ বাস্তবায়নে কর্মপন্থা গ্রহণ করতে হবে।
- (iv) মানিলভারিং প্রতিরোধ সংক্রান্ত আইন, BFIU ও বিকেবি প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় পরিপালন কমিটি (CCC) এর বিভিন্ন নির্দেশনা পরিপালন/বাস্তবায়ন সংক্রান্ত কার্যক্রম সময়ে সময়ে পর্যালোচনা করতে হবে।

১১) মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ সম্পর্কিত জ্ঞানার্জন ও প্রশিক্ষণ :

- (i) মানিলভারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধে বিদ্যমান আইন, বিধিমালা ও BFIU এর সকল নির্দেশনা এবং এতদসংক্রান্ত ব্যাংকের নিজস্ব নীতিমালার বিষয়ে সংশ্লিষ্টদের Updated থাকতে হবে।
- (ii) AML-CFT বিষয়ক দক্ষতা অর্জনের জন্য বিকেবি স্টাফ কলেজ কর্তৃক নিয়মিত ভিত্তিতে প্রশিক্ষণের আয়োজন করতে হবে।
- (iii) পাশাপাশি প্রধান কার্যালয়ের AML-CFT বিভাগ ও আঞ্চলিক পরিবীক্ষণ কমিটি কর্তৃক নিয়মিতভাবে শাখা পর্যায়ে শাখা ব্যবস্থাপক, BAMLCO সহ সংশ্লিষ্টদের এর জন্য AML-CFT বিষয়ক In-House প্রশিক্ষণ এর আয়োজন করতে হবে।

১২) রেকর্ড এবং প্রয়োজনীয় তথ্য/দলিলাদি সংরক্ষণ:

- (i) হিসাব খোলার ফরম, TP, KYC, যে কোন লেনদেন ইত্যাদি সম্পর্কিত তথ্যাদি হিসাব বন্ধ/সম্পন্ন হবার পরবর্তী অন্যান্য ০৫ (পাঁচ) বছর পর্যন্ত সংরক্ষণ করতে হবে।
- (ii) প্রশিক্ষণ সংক্রান্ত দলিলাদিসহ AML-CFT বিষয়ক সকল ফাইল যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।

বিষয় : মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ কার্যক্রম বাস্তবায়নে অঙ্গীকার-২০২৬

১৩) প্রতিবেদন দাখিলকরণ ও অন্যান্য:

- (i) বিজ্ঞ আদালত, BFIU, দুদক, জাতীয় রাজস্ব বোর্ড, কাস্টমস ইত্যাদি কর্তৃপক্ষ কর্তৃক চাহিত ব্যাংক হিসাব/হিসাব ছগিতকরণ সম্পর্কিত তথ্যাদি নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।
- (ii) মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক যে কোন তথ্য/প্রতিবেদন নির্ধারিত সময়সীমার মধ্যে আইনানুগ কর্তৃপক্ষ বরাবর প্রেরণ নিশ্চিত করতে হবে।

ব্যাংকিং কার্যক্রম অর্থনীতির নিউক্লিয়াস। সুষ্ঠু ও গতিশীল আর্থিক ব্যবস্থাপনা এ নিউক্লিয়াসে পুষ্টি যোগায়। অর্থনীতি শক্ত ভিতের উপর দাঁড়ানোর উপলক্ষ পায়। বাংলাদেশ কৃষি ব্যাংক দেশের আর্থিক ব্যবস্থাপনার এক গুরুত্বপূর্ণ অংশীদার। সুতরাং ব্যাংকিং কর্মকাণ্ডে প্রযোজ্য বিধিবিধানসমূহ যথাযথ অনুসরণের মাধ্যমে আমাদের অংশীদারিত্বকে অর্থবহ করে তুলতে হবে। সেক্ষেত্রে, মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ কার্যক্রম এক গুরুত্বপূর্ণ হাতিয়ার।

এমতাবস্থায়, বছরের শুরুতেই মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধে ঘোষিত উল্লিখিত রোডম্যাপ বাস্তবায়নের মাধ্যমে বাংলাদেশ কৃষি ব্যাংকের ব্যাংকিং সেবাকে শুদ্ধতার মানদণ্ডে উত্তীর্ণ হতে আমাদের আন্তরিকতা ও নিষ্ঠা সতত জাহত রাখবো।
নতুন ২০২৬ বছরে এ হোক আমাদের অঙ্গীকার।

শুভেচ্ছান্তে

(সঞ্চিষ্টা বিন্তে আলী)
ব্যবস্থাপনা পরিচালক

প্রকা/এএমএল-আরএমডি-৫(ব্যপঅ)/২০২৫-২৬/৮৪(১)

০৫ জানুয়ারী ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, সকল উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। স্টাফ অফিসার, অধ্যক্ষ মহোদয়ের দপ্তর, বিকেবি, স্টাফ কলেজ, ঢাকা।
- ০৫। বোর্ড সচিব, পর্যদ সচিবালয় বিভাগ/সকল উপমহাব্যবস্থাপক, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। উপমহাব্যবস্থাপক,আইসিটি সিস্টেম বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। পত্রটি বিকেবির ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
- ০৭। নথি।

(এফ এম এ রহিম)

উপমহাব্যবস্থাপক ও

উপপ্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা

(DCAMLCO)